# দেশে রাজনৈতিক ও সাংবিধানিক সংকট চলছে: নাহিদ ইসলাম



নাহিদ ইসলাম। ছবি: সংগৃহীত

দেশে বর্তমানে রাজনৈতিক ও সাংবিধানিক সংকট বিরাজ করছে বলে মন্তব্য করেছেন জাতীয় সংসদের বিরোধীদলীয় চিফ হুইপ ও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম।

রোববার (৯ আগস্ট) দুপুরে বিরোধীদলীয় নেতার মিন্টু রোডের বাসভবনে ১১ দলের বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। বৈঠকে রাষ্ট্রপতি নির্বাচন এবং দেশের সাম্প্রতিক রাজনৈতিক পরিস্থিতি নিয়ে আলোচনা হয়।

বিএনপির রাজনৈতিক কর্মকাণ্ডের সমালোচনা করে নাহিদ ইসলাম বলেন, ক্ষমতার পরিবর্তনের বিভিন্ন সময়ে দলটি নিজেদের নিয়ন্ত্রণ ধরে রাখার চেষ্টা করেছে। এ ধরনের রাজনৈতিক অবস্থানের কারণেই দেশে সংকট তৈরি হয়েছে বলে দাবি করেন তিনি।

রাষ্ট্রপতি নির্বাচন প্রসঙ্গে নাহিদ ইসলাম জানান, ১১ দল জোটবদ্ধভাবে নির্বাচনে অংশ নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। জোটের পক্ষ থেকে একজন যৌথ প্রার্থীও চূড়ান্ত করা হয়েছে। তিনি বলেন, লিবারেল ডেমোক্রেটিক পার্টির (এলডিপি) চেয়ারম্যান কর্নেল (অব.) অলি আহমদকে রাষ্ট্রপতি পদে জোটের প্রার্থী হিসেবে মনোনয়ন দেওয়া হয়েছে।

সাবেক রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের প্রসঙ্গও তুলে ধরেন এনসিপি আহ্বায়ক। তার ভাষ্য, ১১ দল সংসদের প্রথম অধিবেশনের শুরু থেকেই সাহাবুদ্দিনকে রাষ্ট্রপতির পদ থেকে সরিয়ে জুলাই সনদের আলোকে নতুন রাষ্ট্রপতি নিয়োগের দাবি জানিয়ে আসছিল। কিন্তু শেষ পর্যন্ত তাকে আরও ছয় মাস দায়িত্বে রাখার সিদ্ধান্ত হয়েছে।

সাবেক রাষ্ট্রপতির মেয়াদ বাড়ানোর সিদ্ধান্ত নিয়েও প্রশ্ন তোলেন নাহিদ ইসলাম। তিনি অভিযোগ করেন, তাকে বিচারের মুখোমুখি না করে দেশ ছাড়ার সুযোগ করে দেওয়ার চেষ্টা হতে পারে। কেন তার মেয়াদ বাড়ানো হলো এবং এর পেছনে কোনো রাজনৈতিক সমঝোতা বা পরিকল্পনা রয়েছে কি না, সে প্রশ্নও তোলেন তিনি।